

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ২১টি প্রতিষ্ঠানকে ৭৮.০০ হাজার টাকা জরিমানা**

২৪ নভেম্বর ২০১৬ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াদীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নড়াইল, চুয়াডাঙ্গা, রংপুর, নাটোর, শেরপুর ও পিরোজপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে Daily Shopping কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Country Food, হক ব্রেড এন্ড বেকারী, শুভেচ্ছা ডিপার্টমেন্ট, সাগর সম্ভার ও মহন চাঁন এন্ড সপ্পকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Nid Mahal Snacks & Coffee কে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সূচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গার দামুরহুদা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে নাটোর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (এক হাজার) টাকা এবং পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়াদের নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকাসহ মোট ৫১,০০০/- (একাত্তর হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় এবং ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আল জামদান রেস্তোরাঁকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ৮টি বাজার তদারকি ও ২টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২১টি প্রতিষ্ঠানকে মোট ৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, কৃষি কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, নড়াইল, চুয়াডাঙ্গা, রংপুর, নাটোর, শেরপুর ও পিরোজপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, নড়াইল, চুয়াডাঙ্গা, রংপুর, নাটোর, শেরপুর ও পিরোজপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।